



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঞ্জী, গাজীপুর।  
[www.iri.portal.gov.bd](http://www.iri.portal.gov.bd)

নং-৪০.০২.০০০০.২০১.২৫.০০২.২৫. ৬৬৬

তারিখ : ০৫/০৫/২০২৫খ্রি:

বিষয়: শ্রম আইন বিষয়ক “শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ” কোর্স আয়োজন প্রসঙ্গে।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম অধিদপ্তরধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঞ্জী, গাজীপুর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জন্য বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩৪৮ ও ২(৬৫) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫০ (ছ) অনুযায়ী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ ( শিল্প সম্পর্ক, শ্রমিক নিয়োগ ও চাকরীর শর্তাবলী, কর্মঘণ্টা ও ছুটি, দুর্ঘটনা জনিত কারণে শ্রমিকের ক্ষতিপূরণ, প্রসূতি কল্যাণ সুবিধা, অসং শ্রম আচরণ, ট্রেড ইউনিয়ন, সিবিএর কার্যক্রম, মানব সম্পদ ব্যবস্থাপনা, পার্টিসিপেশন কমিটি, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, শ্রমিকদের আচরণ ও শৃঙ্খলা ইত্যাদি) বিষয়ে ০৫ (পাঁচ) দিনব্যাপী “শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ” কোর্স নিয়মিত ভাবে পরিচালনা করে যাচ্ছে।

২-০। “শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ” কোর্সের জন্য কোনরূপ কোর্স ফি দিতে হয় না। প্রশিক্ষণে অংশগ্রহনকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বিধি মোতাবেক এ শিক্ষায়তন হতে প্রতিদিনের উপস্থিতির জন্য ৩০০/- (তিনশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণার্থীর নাস্তা, প্রশিক্ষণ সামগ্রী ( প্রশিক্ষণ ব্যাগ, রাইটিং প্যাড, কলম, ইত্যাদি ) এবং প্রশিক্ষণ সমাপ্তিতে সার্টিফিকেট প্রদান করা হয়।

৩-০। আপনার আবেদনের প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারীদের মধ্যে থেকে ৩৫ (পঁয়ত্রিশ) জনকে নিয়ে শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ কোর্সটি আপনার প্রতিষ্ঠানের ডেন্যুতে আগামী ১০-০৫-২০২৫ খ্রিঃ তারিখ হতে ১৫-০৫-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত (১১ মে ২০২৫ খ্রি.বুদ্ধ পূর্ণিমা, সরকারি ছুটি) সময়ে অত্র শিক্ষায়তন কর্তৃক আয়োজন করা যেতে পারে। কোর্সটি আয়োজন করতে সম্মত হলে সম্মতি পত্রসহ সংযুক্ত ছক মোতাবেক প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ও অন্যান্য তথ্যাদি আগামী ০৭-০৫-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে পত্র মারফত এবং [director.iritongi@gmail.com](mailto:director.iritongi@gmail.com) ই-মেইলে (সফটকপি) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, মনোনীত সকল প্রশিক্ষণার্থীর জীবন বৃত্তান্ত ফরম পূরণের সময় পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি জমা দেওয়ার জন্য বলা হলো।

সংযুক্তি : প্রশিক্ষণার্থীর তথ্যাদির ছক (Nikosh/Unicode) ফর্মে।

  
( মোঃ মিজানুর রহমান )  
পরিচালক

শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঞ্জী, গাজীপুর।  


জেনারেল ম্যানেজার  
ন্যাচারাল ইন্ডিগো লিমিটেড  
টোংগাবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা।

প্রতিষ্ঠানের নাম.....

মেয়াদঃ..... হতে.....

প্রশিক্ষার্থীদের নামের তালিকা

ক্রঃনং	প্রশিক্ষার্থীর নাম	পদবী	মাতার নাম	এন আই ডি / জন্ম নিবন্ধন	পিতা / স্বামীর নাম	মোবাইল নাম্বার	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	জেন্ডার	শ্রমিক / মালিক প্রতিনিধি
০১	English	English	বাংলা	English	English	English	English	বাংলা	বাংলা
	বাংলা	বাংলা			বাংলা		বাংলা		
০২	English	English	বাংলা	English	English	English	English	বাংলা	বাংলা
	বাংলা	বাংলা			বাংলা		বাংলা		

প্রশিক্ষার্থীর তথ্যাদির ছক (Nikosh/Unicode) ফন্টে।